AUG 2000

পৃষ্ঠা ১০ কলাম ...



# 'মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে হলে
# প্রতিষ্ঠানের আর্থিক স্বচ্ছলতা প্রয়োজ

ড. হাফিজ জি. এ. সিদ্দিকী, *উপাচার্য, নর্থ সাউথ*

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় দেশের মানসম্মত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে অন্যতম একটি। এ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. হাফিজ জি. এ. সিদ্দিকী জানালেন একটি ভালো শিক্ষা প্রতিষ্ঠানের কী কী গুণাবলী থাকা প্রয়োজন। কেমন হওয়া প্রয়োজন শিক্ষা পদ্ধতি।

**প্রশ্ন: আপনাদের শুরুর সময়ের কথা বলুন।**

**উত্তর:** আমরা যখন শুরু করি তখন চ্যালেঞ্জ ছিল। মানুষের মধ্যে সাধারন ধারনা ছিল বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পড়াশোনার মান ভাল হওয়া সম্ভব নয়। আমরা সে ধারনা বদলে দিয়েছি। তবে তখন সুবিধাও ছিল। ভাল শিক্ষক পেয়েছি। সব বিভাগেই মান বজায় রাখা গেছে।

**প্রশ্ন: ভাল শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার প্রধান মানদণ্ড কি হওয়া জরুরি বলে মনে করেন?**

**উত্তর:** একটি ভাল শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলতে হলে ৫টি বিষয়ের ওপর জোর দেয়া জরুরি। ১. এমন ডিগ্রি চালু করতে হবে যা আন্তর্জাতিকভাবে স্বীকৃত এবং বাংলাদেশেও তার গ্রহণযোগ্যতা রয়েছে। একাডেমিক প্রোগ্রাম এমন হতে হবে যার চাকরিমূল্য আছে। ২. ভাল শিক্ষক খুব জরুরি। কারিকুলাম যত ভালই হোক উন্নত শিক্ষক না হলে তা ফলপ্রসূ হবে না। ৩. ভাল শিক্ষাদানের অনেক পরিমাপের মধ্যে একটি হতে পারে শিক্ষাগ্রহণকারীদের ভাল চাকরি পাওয়া এবং বিদেশে উচ্চ শিক্ষা গ্রহণের সুযোগ পাচ্ছে কিনা। তাই যখন ছাত্র ভর্তি করা হবে তখনই ভাল ছাত্র বাছাই করে ভর্তি করাতে হবে। তা না হলে সে শিক্ষা প্রতিষ্ঠান কিছুদিন হয়তো টিকে থাকবে। কিন্তু ভালমানের শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে গড়ে উঠবে না। ৪. ভৌত অবকাঠামো এবং তথ্য আদান প্রদানের সর্বোচ্চ সুযোগ রাখতে হবে। যাতে শিক্ষার্থীরা যে কোন তথ্য প্রয়োজনের সঙ্গে সঙ্গে পায়। ৫. গুড গভর্নেন্স এবং গুড ম্যানেজমেন্ট থাকতে হবে। উপাচার্যকে পরিচালন ক্ষমতায় স্বাধীনতা দিতে হবে।

এই ৫টি বিষয়ের প্রতি নজর রাখতে পারলে একটি বিশ্ববিদ্যালয় শিক্ষার মান বজায় রাখতে পারবে।

**প্রশ্ন: একটা অভিযোগ আছে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর পড়াশোনা চাকরিকেন্দ্রিক।**

**উত্তর:** এটা ঠিক। কিন্তু এটাও এটাও পড়াশোনার একটি দিক। তবে এটাও সত্যি শুধু চাকরি বা বাজারকেন্দ্রিক পড়াশোনা হলে চলবে না। এর জন্য ভৌত অবকাঠামো খুব জরুরি।

**প্রশ্ন: বেসরকারি বিশ্ববিদ্যালয় পরি
সবচেয়ে বড় সমস্যা কি?**

**উত্তর:** ভাল মানের শিক্ষক না পাওয়া
অনেক টাকা দিয়েও ভাল মানের শিক্ষ
যাচ্ছে না। সেইসাথে সময়ের সঙ্গে স
মান বাড়ানো। এটাও একটা বড় চ্যা

**প্রশ্ন: এসব বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে
অভিযোগ অত্যধিক ফি আদায়। এ
শিক্ষা আর সেবা থাকছে না। এটা
দাঁড়িয়েছে।**

**উত্তর:** যে কোন শিক্ষাই খরচের। আ
স্কুলের যে উদাহরণ টানি – তাতে ফাঁ
সেখানে সরকার ভর্তুকি দেয়। বেসর
বিশ্ববিদ্যালয়ে তো ভর্তুকি দেয়া সম্ভব
মানসম্মত শিক্ষা দিতে হলে শিক্ষা প্রা
আর্থিক স্বচ্ছলতা প্রয়োজন। এখন ডা
নিয়ে যেমন সেবা দেয়, ব্যাংক যে সে
খাতকেও সেইভাবেই দেখতে হবে।
সরকারের হাতে ভর্তুকি দিয়ে শিক্ষা
চালানোর মত অত টাকা নেই। সে
বেসরকারি শিক্ষাখাতকে উন্নত করতে

☐ সাক্ষাৎকার গ্রহণ: আসিয়াব